

ইনডেমনিটি

বন্ড কি ? বর্তমানে এর
বিকল্প হিসাবে কি ব্যবস্থা
অনুসরণ করা হচ্ছে ?

জাতীয় রাজস্ববোর্ড সময়ে সময়ে বিভিন্ন প্রজ্ঞাপন এসআরও জারী করে প্রজ্ঞাপনে উল্লিখিত মেশিনারীজ ও যন্ত্রাংশ শর্ত সাপেক্ষে কোন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রেয়াতী বা শুদ্ধ মুক্তভাবে খালাসের সুযোগ প্রদান করে আসছে। এরূপভাবে পণ্য খালাসকালে খালাসযোগ্য মালামালের উপর পরিশোধযোগ্য শুদ্ধ-করাডি প্রজ্ঞাপনে আরোপিত শর্ত

লংঘিত হলে পরিশোধ করতে বাধ্য থাকবেন মর্মে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প নির্ধারিত ফরমেটে যে বন্ড প্রদান করতেন তাই ইনডেমনিটি বন্ড নামে পরিচিত।

বর্তমানে প্রজ্ঞাপন এসআরও নং-১৫৪-আইন/২০১১/২৩৪০/শুদ্ধ তারিখ: ১৯/০৬/২০১১ এর মাধ্যমে ইনডেমনিটি বন্ড প্রদান এর বিকল্প হিসাবে অঙ্গীকারনামা প্রদানের ব্যবস্থা প্রচলন করা হয়েছে। বর্তমান ব্যবস্থায় আমদানিকারক এসআরও এর শর্ত অনুযায়ী ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প নির্ধারিত ফরমেটে এই মর্মে অঙ্গীকার দাখিল করবেন যে আমদানিকৃত যন্ত্রপাতি নিজস্ব শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোথাও ব্যবহার করা হবে না এবং উৎপাদিত পণ্যের ন্যূনতম ৮০% রপ্তানি করতে ব্যর্থ হলে উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর প্রযোজ্য শুদ্ধ করাডি আদায়ের লক্ষ্যে দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর অধীন গৃহীত আইনানুগ শাস্তি মেনে নিতে বাধ্য থাকবেন।

ইতোপূর্বের ইনডেমনিটি বন্ড ব্যবস্থায় প্রতিষ্ঠান বন্ডেড প্রতিষ্ঠান হলে বন্ড কমিশনারেটের সংশ্লিষ্ট বন্ড বিভাগীয় কর্মকর্তা এসআরও এবং শর্ত পরিপালিত হয়েছে মর্মে নির্ধারিত ফরমেটে প্রত্যয়ন পত্র প্রদান করতেন এবং তখন ইনডেমনিটি বন্ড সম্পূর্ণ হতো। বর্তমান ব্যবস্থায় সংশ্লিষ্ট সমতির সভাপতি এসআরও এর শর্ত পরিপালিত হয়েছে মর্মে নির্ধারিত ফরমেটে প্রত্যয়ন পত্র প্রদান করলে অঙ্গীকারনামা বাতিলযোগ্য হয়।